'আর দাবায়ে রাখতে পারবা না'

# গৃহঋণ বার্তা

শেখ হাসিনার ভিশন, সবার জন্য আবাসন

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

১১শ বর্ষ
২য় সংখ্যা

এপ্রিল-জুন
২০২২খ্রি.

## খাগড়াছড়িতে শাখা অফিস উদ্বোধন




উদ্বোধনী ফিতা কাটছেন জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা (ডানে তৃতীয়), তাঁর ডান দিকে পর্ষদ চেয়ারম্যান ও বাঁয়ে ব্যবস্থাপনা পরিচালক

পার্বত্য জেলা খাগড়াছড়িতে বিএইচবিএফসি'র ৬২-তম শাখা অফিসের উদ্বোধন করা হয়েছে। গত ২জুন, খাগড়াছড়ি সার্কিট হাউস সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অফিসটি উদ্বোধন করা হয়। স্থানীয় সংসদ সদস্য ও উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্ক ফোর্সের চেয়ারম্যান (প্রতিমন্ত্রী মর্যাদা) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, খাগড়াছড়ি জেলা প্রশাসক জনাব প্রতাপ চন্দ্র বিশ্বাস এবং স্থানীয় পৌর মেয়র জনাব নির্মলেন্দু চৌধুরী প্রমুখ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্টের প্রকল্প পরিচালক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, বিএইচবিএফসি'র ঋণ গ্রহীতা ও সেবা প্রার্থী, মিডিয়া কর্মী এবং প্রতিষ্ঠানটির চট্টগ্রাম বিভাগের বিভিন্ন অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

ইতোপূর্বে পার্বত্য জেলা খাগড়াছড়িতে বিএইচবিএফসি'র গৃহঋণ কার্যক্রম সংস্থাটির চট্টগ্রাম প্রধান শাখা থেকে পরিচালনা করা হতো। সরকারি বিশেষায়িত এ প্রতিষ্ঠানটির গৃহঋণ সেবা হাতের নাগালে নিয়ে আসার জন্য জেলাবাসীর দীর্ঘদিনের দাবী ছিল। শহরটির নারিকেল বাগান কলেজ রোড এলাকায় নতুন এ অফিস চালুর ফলে প্রতিষ্ঠানটির ঋণ সেবা জনগণের হাতের নাগালে পৌঁছেছে উল্লেখ করে এর ফলে এ অঞ্চলে গৃহঋণের প্রবাহ অনেক বাড়বে এবং জনগণ ব্যাপকভাবে উপকৃত হবে বলে অনুষ্ঠানে বক্তারা উল্লেখ করেন।

# এফআইডি ইনোভেশন টিমের উদ্ভাবন পর্যবেক্ষণ

গত ৩০ মে, সোমবার অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)'র ইনোভেশন টিম বিএইচবিএফসি কর্তৃক বাস্তবায়িত 'সোনালী e-Payment Gateway ব্যবহার করে অনলাইনে ঋণের কিস্তি পরিশোধ' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি পরিদর্শন করে। এফআইডি'র অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মফিজ উদ্দীন আহমেদ (ছবিতে বাঁ দিক থেকে চতুর্থ) মন্ত্রণালয়ের এ টিমের নেতৃত্ব প্রদান করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম (ছবিতে বাঁ দিক থেকে পঞ্চম) ফুলেল শুভেচ্ছা সহকারে টিমকে কর্পোরেশনে স্বাগত জানান। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক জনাব মোঃ জসীম উদ্দীন এবং তাঁর নেতৃত্বাধীন ইনোভেশন টিমের সদস্যগণ এসময় উপস্থিত ছিলেন।



পরিদর্শক টিমের অবগতির জন্য বিএইচবিএফসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২, ই-সেবাসমূহ এবং ই-সেবা রোড ম্যাপ-২০২২ উপস্থাপন করা হয়। এসময় বিএইচবি এফসি বাস্তবায়িত সোনালী e-Payment Gateway এর মাধ্যমে অনলাইনে ঋণের কিস্তি পরিশোধ পদ্ধতি (ইনসেটে এ সেবার বিজ্ঞাপনী ডিজাইনের ছবি) ব্যবহার করে একটি ঋণ হিসাবে টাকা পরিশোধ করে এর কার্যকারিতা ও উপযোগিতা পর্যবেক্ষণ করা হয়। বিএইচবিএফসি'র ঋণের কিস্তি ও অন্যবিধ অর্থ জমার এ পদ্ধতিটি গ্রাহক সেবার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে প্রতিনিধি দলটি আশাবাদ ব্যক্ত করে।

# ফিনটেক সেমিনার অনুষ্ঠিত

গত ২৯ মে ফিনটেক বিষয়ক এক গুরুত্বপূর্ণ সেমিনার-এর আয়োজন করে বিএইচবিএফসি। এদিন অপরাহ্ন তিনটায় রাজধানীতে প্রতিষ্ঠানটির সদর দফতর ট্রেনিং ইনস্টিটিউট মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ প্রধান অতিথি হিসেবে সেমিনারটি উদ্বোধনের পাশাপাশি এর মূল প্রবন্ধ উপস্থাপন এবং গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে স্বাগত বক্তব্য রাখেন এবং একটি গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী অন্যতম রিসোর্স পার্সন হিসেবে একটি সেশন পরিচালনা করেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভাগীয় প্রধান উপমহাব্যবস্থাপকবৃন্দসহ মোট ৫০জন কর্মকর্তা সেমিনারে সরাসরি অংশগ্রহণ করেন। প্রতিষ্ঠানের সকল মাঠ কার্যালয়ের ব্যবস্থাপকবৃন্দসহ সর্বস্তরের কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি সেমিনারে সংযুক্ত ছিলেন। মহাব্যবস্থাপক প্রলয় কুমার ভট্টাচার্য সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।




বক্তব্যরত প্রধান অতিথি (সর্বডানে), মঞ্চে উপবিষ্ট ব্যবস্থাপনা পরিচালক (মাঝে), উপব্যবস্থাপনা পরিচালক (ডানে উপবিষ্ট) ও মহাব্যবস্থাপক (ট্রেনিং)

সেমিনারে প্রধান অতিথি ও মূল প্রবন্ধ উপস্থাপক ড. সেলিম উদ্দিন 'FinTech for Sustainable Development in Financial Sector of Bangladesh' শীর্ষক এ সেমিনারে বর্তমানে ফিনটেক প্রক্রিয়াকে এ সময়ের আলোচিত অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় আখ্যায়িত করে সনাতন ফাইনান্সিয়াল সার্ভিসগুলোকে প্রযুক্তির আওতায় এনে তা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার উপর গুরুত্বারোপ করেন। তিনি ব্যাংক ও আর্থিক সেবা ব্যবস্থায় বৈশ্বিক অগ্রগতির সাথে তাল মিলিয়ে চলার প্রয়োজনে ফিনটেক বিষয়ে সচেতনতা বৃদ্ধিসহ এ বিষয়ে সরকারি- বেসরকারি পর্যায়ে প্রভূত কাজ করতে হবে বলে উল্লেখ করেন। ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যে, ফিনটেক প্রযুক্তিতে নিরবে ঘটে যাওয়া বিপ্লবের সাথে পরিচিত হওয়ার পাশাপাশি এ প্রযুক্তির সাথে নিজেকে এবং প্রতিষ্ঠানকে এগিয়ে নেয়ার আহবান জানান।

# Walton Hi-Tech Industries পরিদর্শন




বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, দুই মহাব্যবস্থাপক যথাক্রমে জনাব মোঃ জসীম উদ্দীন ও জনাব মোঃ খাইরুল ইসলাম-এঁর নেতৃত্বে গত ২৮মে, শনিবার প্রতিষ্ঠানটির ১৫ সদস্যের এক প্রতিনিধি দল Walton Hi-Tech Industries পরিদর্শন করে। প্রতিষ্ঠানের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দেশে-বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্যোগ পরিদর্শনের অংশ হিসেবে এ কর্মসূচী পালন করা হয়। প্রতিনিধি দলটি এদিন বেলা ১০টায় গাজীপুর জেলার কালিয়াকৈর-এ অবস্থিত Walton Hi-Tech Industries-এ উপস্থিত হলে ওয়ালটন কর্তৃপক্ষ উষ্ণ আতিথেয়তা প্রদান করে। অতঃপর প্রতিষ্ঠানটির কার্যক্রম সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রামাণ্যচিত্র প্রদর্শনী এবং বর্ণনা উপস্থাপন করা হয়। এরপর প্রতিনিধি দলটির ওয়ালটন-এর বিভিন্ন উৎপাদন ইউনিট সরেজমিনে পরিদর্শন, উভয় পক্ষের আলোচনা সভা এবং পারস্পরিক প্রশ্নোত্তর পর্ব ও মতামত বিনিময়ের মধ্যদিয়ে দিনব্যাপী পরিদর্শন কর্মসূচী শেষ হয়। প্রায় সাড়ে সাতশ একর জমিতে আন্তর্জাতিক মানের প্রযুক্তি পণ্য উৎপাদনকারী এ প্রতিষ্ঠানের কর্মপরিবেশ, উৎপাদন ব্যবস্থা, গবেষণা এবং উদ্ভাবনী প্রয়াস প্রতিনিধি দলটিকে মুগ্ধ করে।




# বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

গত ২১ এপ্রিল, বৃহস্পতিবার পবিত্র মাহে রমজান ১৪৪৩ উপলক্ষ্যে বিএইচবিএফসি সদর দফতরের 'বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল-২০২২' বিএইচবিএফসি সদর দফতর ভবন মসজিদে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে আয়োজিত মিলাদ ও দোয়া মাহফিলে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মোনাজাতে অংশ নেন। মসজিদের ইমাম জনাব মোঃ হুসাইন আহমদ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। মোনাজাতে সমগ্র মুসলিম উম্মাহ এবং দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয়। কর্পোরেশন সদর দফতরে কর্মরত বিভিন্ন মহাবিভাগের মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দসহ সর্বস্তরের বিপুলসংখ্যক কর্মকর্তা-কর্মচারী দোয়া ও মোনাজাতে অংশগ্রহণ করেন।

# পরিচালনা পর্ষদের তিনটি সভা অনুষ্ঠিত

গত ১৮ এপ্রিল, ১৬ মে ও ২০ জুন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের যথাক্রমে ৫১১, ৫১২ ও ৫১৩-তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ । পর্ষদের অন্যতম পরিচালক ও এমডি জনাব মোঃ আফজাল করিম, পরিচালক প্রফেসর ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়; ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়; জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড; উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।



# আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে এপিএ চুক্তি স্বাক্ষরিত

গত ২৮ জুন, মঙ্গলবার অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর সাথে বিএইচবিএফসি'র ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। এফআইডি'র পক্ষে সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ চুক্তিতে স্বাক্ষর করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম-এঁর পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষে বেলা ১১টায় এফআইডি'র আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সচিব মহোদয় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ে আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহীদের উদ্দেশ্যে তাঁদের নিজ নিজ লক্ষ্য পূরণে করণীয় বিষয়ে দিক নির্দেশনামূলক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন এবং চুক্তিতে স্বাক্ষর করেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ টিম প্রধান যুগ্ম সচিব জনাব রুখসানা হাসিন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এফআইডি'র উপসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট জনাব মাকছুমা আকতার বানু-এঁর সঞ্চালনায় অনুষ্ঠিত এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এফআইডি'র ঊর্ধ্বতন নির্বাহী এবং এ বিভাগের আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নির্বাহী প্রধান ও জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




চুক্তি স্বাক্ষর শেষে এফআইডি সচিব (সাদা শার্ট পরিহিত)এর হাতে বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক চুক্তিপত্রের কপি তুলে দেন।


# যশোরে অংশীজনের গণশুনানি অনুষ্ঠিত

গত ২৫ জুন, শনিবার বিএইচবিএফসি রিজিওনাল ও শাখা অফিস, যশোরে এ অঞ্চলে প্রতিষ্ঠানটির ঋণ গ্রহীতা, সেবাপ্রার্থী ও বিভিন্ন শ্রেণী-পেশার অংশীজনের অংশগ্রহণে এক গণশুনানি অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র সেবার মান সম্পর্কে অংশীজনের অভিজ্ঞতা ও মতামত গ্রহণ তথা প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় নিয়মিত কর্মসূচী হিসেবে এ শুনানি অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় সেবা গ্রহীতাদের অভিজ্ঞতা ও পরামর্শ গ্রহণ করতঃ সেবার মানোন্নয়নে সরকার বদ্ধপরিকর। এলক্ষ্যে সরকারের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শর্তের বাস্তবায়ন পরিস্থিতি পর্যবেক্ষণার্থে এ শুনানির আয়োজন করা হয়। অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত এ শুনানিতে এফআইডি'র যুগ্মসচিব জনাব রুখসানা হাসিন মন্ত্রণালয়ের প্রতিনিধি ও অনুষ্ঠানের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র পরিকল্পনা ও মানব সম্পদ উন্নয়ন বিভাগের উপমহাব্যবস্থাপক জনাব মুহাম্মদ জহিরুল ইসলাম, খুলনা জোনের জোনাল ম্যানেজার জনাব মোঃ জামিরুল ইসলাম, যশোর রিজিওনাল অফিসের রিজিওনাল ম্যানেজার জনাব সিএম রুম এবং শাখা ব্যবস্থাপকসহ অফিসসমূহের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র এ অঞ্চলের ঋণ গ্রহীতা, সেবাপ্রার্থী, সাংবাদিক ও শিক্ষা ব্যক্তিত্বসহ নানা শ্রেণী-পেশার অংশীজন প্রতিষ্ঠানটির সেবার মান ও সেবা সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা ও পরামর্শ তুলে ধরেন। বিএইচবিএফসি কর্তৃপক্ষ উপস্থিত অংশীজন উত্থাপিত বিভিন্ন বিষয়ে প্রতিষ্ঠানটির অবস্থান ও দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন।




# অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও কর্মশালা সংক্রান্ত সংক্ষিপ্ত সংবাদ


প্রশিক্ষণের নাম ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (২য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ১২ মে, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ৭৫ জন (১০ম - ৪র্থ গ্রেড)




প্রশিক্ষণের নাম ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (৪র্থ ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ১৯ মে, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)





প্রশিক্ষণের নাম ঃ তথ্য অধিকার আইন বাস্তবায়ন (৪র্থ ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ৬ জুন, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)




প্রশিক্ষণের নাম ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার (৪র্থ ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ১৩ জুন, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)



প্রশিক্ষণের নাম ঃ ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (৪র্থ ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ১৪ জুন, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)



## এপিএ'র বাস্তবায়ন পর্যালোচনা সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ৫ এপ্রিল, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দ ও সভা সংশ্লিষ্ট পিএইচআরডি বিভাগের কর্মকর্তাগণ।



## স্ট্যান্ডিং কমিটির ৬১ তম সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ১১ এপ্রিল, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক ও কমিটির সদস্যবৃন্দ



## সেবা পক্ষের আলোচনা সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ১৬ মে, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক ও সদর দফতরস্থ সকল উপমহাব্যবস্থাপকবৃন্দ। এছাড়া, জোনাল, রিজিওনাল ও শাখা ব্যবস্থাপকবৃন্দ ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত ছিলেন।



## Internal Control & Compliance Manual - এর খসড়া চূড়ান্তকরণ সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ৭ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দ ও সভা সংশ্লিষ্ট অডিট বিভাগের কর্মকর্তাগণ।



## স্ট্যান্ডিং কমিটির ৬২ তম সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ৯ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক ও কমিটির সদস্যবৃন্দ



## পর্ষদ অডিট কমিটির ৪৭-তম সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ২০ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
অংশগ্রহণকারী ঃ পর্ষদের অন্যতম পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম, পরিচালক ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (ভার্চুয়ালি) এবং পরিচালক জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ।



### অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজন অবহিতকরণ সভা

অনুষ্ঠানের তারিখ : ২১ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল : পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী : উপব্যবস্থাপনা পরিচালক, সকল মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ। এছাড়া সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকবৃন্দ, মাঠ-পর্যায়ে অফিসের সেবাগ্রহীতা, অংশীজন, ঋণগ্রহীতা ও সেবাপ্রার্থীগণ ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত।



### তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা

অনুষ্ঠানের তারিখ : ২১ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল : পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী : উপব্যবস্থাপনা পরিচালক, সকল মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ। এছাড়া সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকবৃন্দ, উল্লেখযোগ্য সংখ্যক ঋণগ্রহীতা ও সেবাপ্রার্থীগণ ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত।



### অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভা

অনুষ্ঠানের তারিখ : ২৯ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল : পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী : উপব্যবস্থাপনা পরিচালক, সকল মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ। এছাড়া সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকবৃন্দ, উল্লেখযোগ্য সংখ্যক ঋণগ্রহীতা ও সেবাপ্রার্থীগণ ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত।



### বিএইচবিএফসি-এএফডি দ্বিপাক্ষিক সভা

অনুষ্ঠানের তারিখ : ২৯ জুন, ২০২২
অনুষ্ঠানস্থল : পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক (ভার্চুয়ালি সংযুক্ত)
অংশগ্রহণকারী : উপব্যবস্থাপনা পরিচালক, The Francaise de Developmenঃ (এএফডি) এর প্রতিনিধিবৃন্দ, বিএইচবিএফসি'র প্রকল্প পরিচালক ও প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিটের কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।



## ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ঘোষণা

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ২০২১ - ২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ঘোষণা করা হয়েছে। ৩০ জুন প্রতিষ্ঠানের এক অফিস আদেশে এ পুরস্কারের জন্য বিভিন্ন অফিস ক্যাটাগরীর আওতায় ২ থেকে ২০ নম্বর গ্রেডের মোট ১০ জন কর্মকর্তা-কর্মচারীর নাম ঘোষণা করা হয়। কর্মকর্তা - কর্মচারীদের পেশাগত জীবনে অত্যন্ত সম্মানজনক এ পুরস্কারের জন্য নির্বাচিত প্রত্যেককে তাঁদের ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, ১টি করে ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে। সরকারের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে প্রতি বছর এ পুরস্কার দেয়া হয়ে থাকে। এ বছর এ পুরস্কার যাঁরা পেলেন-

### সদর দফতর পর্যায়



নাম : জনাব মো. বদিউজ্জামান
পদবী : উপমহাব্যবস্থাপক
দফতর : মার্কেটিং বিভাগ
গ্রেড : ২-৯



নাম : জনাব মোঃ হাসান শেখ
পদবী : ডাটা এন্ট্রি অপারেটর
দফতর : মার্কেটিং বিভাগ
গ্রেড : ১০-১৬



নাম : জনাব মোঃ ইউনুস ভূঁইয়া
পদবী : বাস হেলপার
দফতর : এমডি'স সচিবালয়
গ্রেড : ১৭-২০

### জোনাল/রিজিওনাল অফিস পর্যায়



নাম : জনাব সি এম রুম
পদবী : সহকারী মহাব্যবস্থাপক
দফতর : রিজিওনাল অফিস, যশোর
গ্রেড : অফিস প্রধান



নাম : জনাব মেহেদী হাসান
পদবী : প্রিন্সিপাল অফিসার
দফতর : রিজিওনাল অফিস, জামালপুর
গ্রেড : ৩-৯



নাম : জনাব মনিরুল ইসলাম
পদবী : অফিসার
দফতর : জোনাল অফিস, বরিশাল
গ্রেড : ১০-১৬



নাম : জনাব মানিক চন্দ্র দাশ
পদবী : পরিচ্ছন্ন কর্মী
দফতর : জোনাল অফিস, চট্টগ্রাম
গ্রেড : ১৭-২০

### শাখা অফিস পর্যায়



নাম : জনাব মোঃ মোজাম্মেল হক
পদবী : প্রিন্সিপাল অফিসার
দফতর : শাখা অফিস, পল্লবী
গ্রেড : ৪-৯



নাম : জনাব মোঃ মিনারুল ইসলাম মৃদুল
পদবী : অফিসার
দফতর : শাখা অফিস, ধানমন্ডি
গ্রেড : ১০-১৬



নাম : জনাব মোঃ জহির উদ্দিন
পদবী : অফিস সহায়ক
দফতর : শাখা অফিস, যশোর
গ্রেড : ১৭-২০

# বিদায়ী গভর্নরকে শুভেচ্ছা জ্ঞাপন

বিদায়ী বাংলাদেশ ব্যাংক গভর্নর জনাব ফজলে কবির-কে বিদায়ী শুভেচ্ছা জানিয়েছে বিএইচবিএফসি। ৩০ জুন বৃহস্পতিবার, অপরাহ্নে বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক জনাব মোঃ আতিকুল ইসলাম-কে সঙ্গে নিয়ে গভর্নর মহোদয়কে তাঁর অফিসে এ শুভেচ্ছা জানান। এসময় ব্যবস্থাপনা পরিচালক জনাব ফজলে কবির-এঁর সুদীর্ঘ বর্ণাঢ্য কর্মজীবনে কৃতিত্বময় গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় দায়িত্ব পালনের প্রশংসা করেন এবং অবসর জীবনে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। এসময় গভর্নর মহোদয় বিএইচবিএফসি'র সাম্প্রতিক সময়ের কার্যক্রম ও অর্জিত সাফল্যের প্রশংসা করেন।



বিদায়ী গভর্নর  (ডান থেকে দ্বিতীয়)-কে পুষ্পস্তবক তুলে দিচ্ছেন বিএইচবিএফসি'র এমডি

# ব্যবস্থাপনা পরিচালকের শুদ্ধাচার পুরস্কার লাভ



মোঃ আফজাল করিম

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি) কর্তৃক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য থেকে জনাব মোঃ আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন  (বিএইচবিএফসি)-কে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। গত ২৮ জুন, মঙ্গলবার এফআইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখার ৫৩.০০.০০০০.২২৩.০৬.০০৫.২১/৭৯ নম্বর স্মারকের অফিস আদেশের মাধ্যমে তাঁকে এ পুরস্কার প্রদান করা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধনী) নীতিমালা-২০২১ অনুযায়ী জনাব মোঃ আফজাল করিম আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল দফতর/সংস্থা প্রধানদের মধ্য থেকে এ পুরস্কারের জন্য মনোনীত হন। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধানদের মধ্য থেকে এবারই প্রথম এ পুরস্কার প্রদান করা হলো। দেশের বিভিন্ন স্বনামধন্য দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ-পোর্টালে তাঁর এ পুরস্কার পাওয়ার খবরটি প্রচার করা হয়। জনাব আফজাল করিম-এঁর সম্মানজনক এ পুরস্কার অর্জনে বিভিন্ন দফতর, সংস্থা ও মহল থেকে তাঁকে অভিনন্দন জানানো হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যানসহ পরিচালকবৃন্দ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণও তাঁর এ অর্জনে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

# ফিল্ড অফিসের সাথে এপিএ চুক্তি স্বাক্ষর

মন্ত্রিপরিষদ বিভাগ নির্দেশিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী বিগত ২২ জুন, ২০২২ তারিখ কর্পোরেশনের বোর্ডরুমে বিকাল ৩.৩০ ঘটিকায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম মহোদয়ের সাথে সংশ্লিষ্ট জোনাল ও রিজিওনাল ম্যানেজারগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর জোনাল অফিস-এর জোনাল ম্যানেজার এবং নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদী রিজিওনাল অফিস-এর রিজিওনাল ম্যানেজারগণ সশরীরে উপস্থিত থেকে স্ব-স্ব অফিসের চূড়ান্তকৃত এপিএ ২০২২-২০২৩ চুক্তিতে স্বাক্ষর করেন। ব্যবস্থাপনা পরিচালক এবং মাঠ পর্যায়ের অন্যান্য জোনাল ও রিজিওনাল ম্যানেজারগণ এসময় জুম প্লাটফর্মের মাধ্যমে অনলাইনে সংযুক্ত ছিলেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানটিতে আরও উপস্থিত ছিলেন বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপকবৃন্দ।




প্রধান পৃষ্ঠপোষক ঃ **মোঃ আফজাল করিম,** ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক মন্ডলী ঃ **অরুন কুমার চৌধুরী,** উপব্যবস্থাপনা পরিচালক

**মো. বদিউজ্জামান,** উপমহাব্যবস্থাপক (মার্কেটিং এণ্ড ডেভেলপমেন্ট বিভাগ)

**মো. রফিকুল ইসলাম,** প্রিন্সিপাল অফিসার (ট্রেনিং ইনস্টিটিউট)

**মো. ইমতিয়াজুল ইসলাম,** সিনিয়র অফিসার  (পিএইচআরডি বিভাগ)

প্রকাশনা ঃ পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd